রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২৫, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**( পৌর-২ শাখা )**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২শে ফেব্রুয়ারী ২০০১/১০ই ফাল্গুন ১৪০৭

**এস, আর, ও নং ৪৬ আইন ২০০১/পৌর-২/রুলস-২-১/৯৯**—Paurashava Ordinance, 1977 (Ord.No XXVI of 1977) এর section 146, উক্ত Ordinance এর THIRD SCHEDULE এর ক্রমিক নং ৭ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামা**।—এই বিধিমালা পৌরসভা (চুক্তি) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Paurashava Ordinance, 1977 (Ord.No XXVI of 1977) ;

(খ) "কমিশনার" অর্থ পৌরসভার কমিশনার ;

(গ) "চুক্তি" অর্থ কোন কার্য সম্পাদনের জন্য পৌরসভার পক্ষে কোন চুক্তি এবং কোন মূল চুক্তির পরিবর্তিত রূপও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে ;

(ঘ) "চেয়ারম্যান" অর্থ পৌরসভার চেয়ারম্যান ;


মূল্য ঃ টাকা ৬.০০

(ঙ) "দরপত্র কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত দরপত্র কমিটি ;

(চ) "নির্ধারিত কর্তৃপক্ষ" অর্থ অধ্যাদেশের section 2 এর clause (32) এ সংজ্ঞায়িত "Prescribed Authority" ;

(ছ) "প্রকৌশলী" অর্থ পৌরসভার প্রকৌশল বিভাগের দায়িত্বে নিয়োজিত সর্বোচ্চ পদ মর্যাদার প্রকৌশলী ;

(জ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত কোন ফরম ;

(ঝ) "সচিব" অর্থ দরপত্র কমিটির সচিব ; বুঝাইবে।

৩। **দরপত্র কমিটি**।—পৌরসভা উহার কোন নির্মাণ কাজ সম্পাদন বা কোন প্রকল্প বাস্তবায়ন বা কোন মালামাল বা উপকরণ সংগ্রহ বা ক্রয়ের উদ্দেশ্যে আহৃত দরপত্র বিবেচনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি দরপত্র কমিটি গঠন করিবে, যথা ঃ—

(ক) পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা, পদাধিকারবলে, যিনি উহার আহ্বায়কও হইবেন ;

(খ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত দুইজন কমিশনার ;

(গ) সহকারী পরিচালক, স্থানীয় সরকার, পদাধিকারবলে ;

(ঘ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন সহকারী প্রকৌশলী ;

(ঙ) পৌরসভার সচিব ;

(চ) পৌরসভার "প্রকৌশলী" যিনি উহার সচিবও হইবেন ;

তবে শর্ত থাকে যে, কোন পৌরসভায় "প্রধান নির্বাহী কর্মকর্তা" কর্মরত না থাকিলে পৌরসভার "প্যানেল অব চেয়ারম্যানস"-এর ১ নং ক্রমিকে অবস্থানকারী কমিশনার এবং তিনি চেয়ারম্যানের দায়িত্ব পালনরত থাকিলে তার পরবর্তী ক্রমিকে অবস্থানকারী কমিশনার উক্ত দরপত্র কমিটির আহ্বায়ক হইবেন।

৪। **চুক্তির মূল্যমান**।—(১) পঁচিশ হাজার টাকার অধিক মূল্যমানের কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন এবং পাঁচ হাজার টাকার অধিক মূল্যমানের নির্মাণ কাজ ও মালামাল ক্রয়ের ক্ষেত্রে দরপত্র কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন চুক্তি সম্পাদন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মূল্যমানের কম খরচের যে কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পৌরসভা কর্তৃক গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ

(ক) পৌরসভা কর্তৃক মনোনীত একজন কমিশনার, যিনি উহার আহ্বায়কও হইবেন ;

(খ) সংশ্লিষ্ট পৌরসভার এলাকাধীন কোন শিক্ষা প্রতিষ্ঠানের একজন শিক্ষক বা পৌরসভা কর্তৃক মনোনীত একজন সমাজকর্মী ;

(গ) পৌরসভার প্রকৌশল বিভাগের একজন কর্মকর্তা, যিনি উহার সচিবও হইবেন ।

৫। **দরপত্র কমিটির কার্যাবলী।**—(১) কোন নির্মাণ কাজ সম্পাদন, প্রকল্প বাস্তবায়ন বা মালামাল বা উপকরণ সংগ্রহ বা ক্রয়ের জন্য দরপত্র কমিটি এক লক্ষ টাকা পর্যন্ত মূল্যমানের দরপত্রের ক্ষেত্রে, অন্যূন একটি স্থানীয় বা আঞ্চলিক বাংলা পত্রিকা এবং এক লক্ষ টাকার অধিক মূল্যমানের দরপত্রের ক্ষেত্রে, অন্যূন একটি স্থানীয় বা আঞ্চলিক বাংলা পত্রিকায় ও একটি জাতীয় দৈনিক বাংলা পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করিবেন।

(২) দরপত্র বিজ্ঞাপন পৌরসভার নোটিশ বোর্ড এবং নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্য কোন স্থানে লটকাইয়া জারী করিতে হইবে। ফরম 'ক' তে দরপত্র বিজ্ঞাপন দরপত্র দলিলের সহিত সংযুক্ত করিতে হইবে।-

(৩) দরপত্র বিজ্ঞাপনে দরপত্র দাখিলের ও দরপত্র খুলিবার তারিখ, সময়, স্থান এবং ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে নির্মাণ কাজের ক্ষেত্রে প্রাক্কলিত দরের ২% এবং দ্রব্যসামগ্রী ও উপকরণ সংগ্রহ বা ক্রয়ের ক্ষেত্রে উদ্বৃত্ত দরের ৫% হারে বায়নার টাকা (earnest money) এর পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

(৪) দরপত্র কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে রক্ষিত বাক্সে সকল দরপত্র ফেলিতে হইবে।

(৫) দরপত্র, ক্ষেত্রমত, ফরম "খ" বা ফরম "গ" তে দাখিল করিতে হইবে এবং উহার সহিত উপ-বিধি (৩) এ উল্লেখিত বায়নার টাকা (earnest money) ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে দাখিল করিতে হইবে, অন্যথায় দাখিলকৃত উক্ত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৬) দরপত্র বিজ্ঞাপনে উল্লিখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপস্থিত দরপত্রদাতা কিংবা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির উপস্থিতিতে সচিব দরপত্র খুলিবেন এবং তিনি প্রাপ্ত দরপত্রসমূহের বিবরণ একটি স্বতন্ত্র রেজিস্ট্রারে ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করিবেন ও উহাতে স্বাক্ষী হিসাবে উপস্থিত দরপত্রদাতা বা তাঁহার প্রতিনিধির স্বাক্ষর লইবেন।

(৭) দরপত্র খোলার তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সচিব প্রাপ্ত দরপত্রসমূহের তুলনামূলক বিবরণী প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ দরপত্র কমিটির নিকট উপস্থাপন করিবেন।

(৮) দরপত্র কমিটি প্রাপ্ত দরপত্র এবং দরপত্রের সহিত সংযুক্ত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষান্তে উহার অভিমত এবং সুপারিশসহ সংশ্লিষ্ট কাগজপত্র ও দরপত্র চেয়ারম্যানের নিকট দাখিল করিবে।

(৯) দরপত্র কমিটি সাধারণভবে সর্বনিম্ন দর গ্রহণ করিবে। সর্বনিম্ন দর একাধিক হইলে অথবা একই পরিমাণে উদ্বৃত্ত একাধিক দরপত্র হইতে কোন দরপত্র গ্রহণের প্রয়োজন দেখা দিলে কমিটি লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচনের সুপারিশ করিবে।

৬। **পৌরসভার অনুমোদন**।—(১) টেন্ডার কমিটির অভিমত ও সুপারিশ প্রাপ্তির পর অনধিক সাত দিনের মধ্যে পৌরসভার চেয়ারম্যান উহা বিবেচনাপূর্বক দরপত্র গ্রহণ বিষয়ে তাহার সিদ্ধান্ত প্রদান করিবেন। তবে তিনি যদি এই অভিমত পোষণ করেন যে, কোন দরপত্র যথাযথ স্পেসিফিকেশন ও শর্তাদি অনুযায়ী হয় নাই তাহা হইলে কারণ লিপিবদ্ধ করিয়া তিনি তাহা বাতিল করিতে এবং পুনঃ-দরপত্র আহ্বানের নির্দেশ দিতে পারিবেন ।

(২) বিধি ৫(৯) অনুযায়ী লটারীর প্রয়োজন ও সেইরূপে টেন্ডার কমিটির সুপারিশ থাকিলে এবং চেয়ারম্যান কর্তৃক উহা অনুমোদিত হইলে, পূর্বাহ্নে দরপত্রদাতাগণকে নোটিশ প্রদান করিয়া চেয়ারম্যান কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা বা কর্মকর্তাগণ কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত তারিখ, সময় ও স্থানে লটারী অনুষ্ঠিত হইবে ।

(৩) উপ-বিধি (২) অনুসারে অনুষ্ঠিত লটারীর ফলাফল তাৎক্ষণিক কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করিতে হইবে এবং উহাতে উক্ত উপ-বিধি অনুযায়ী মনোনীত কর্মকর্তা ও উপস্থিত দরপত্রদাতাগণের স্বাক্ষর, যথাসম্ভব, লইতে হইবে এইরূপ ফলাফল সম্বলিত কার্যবিবরণী অনতিবিলম্বে পৌরসভার চেয়ারম্যানের নিকট প্রেরিত হইবে।

(৪) পৌরসভার চেয়ারম্যান উপ-বিধি (৩) এ উল্লিখিত কার্যবিবরণী প্রাপ্তির অনধিক সাত দিনের মধ্যে উহা অনুমোদন করিবেন। তবে উপযুক্ত মনে করিলে যথাযথ কারণ লিপিবদ্ধ করিয়া তিনি পুনরায় উক্তরূপ লটারী অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৫) চেয়ারম্যান কর্তৃক অনুমোদন বা বাতিলের সিদ্ধান্ত টেন্ডার কমিটির সদস্য-সচিব পৌরসভার পরবর্তী সভায় কমিশনারগণকে অবহিত করিবেন।

৭। **নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন।**—(১) নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত ক শ্রেণী বা তদূর্ধ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে ১৫ লক্ষ, খ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে ১২ লক্ষ এবং গ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে ৮ লক্ষ টাকার অধিক মূল্যমানের কোন দরপত্র আহ্বান করা যাইবে না এবং কোন চুক্তি সম্পাদন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বা কোন উপকর অথবা দ্রব্যসামগ্রী সংগ্রহ বা ক্রয়ের জন্য পৌরসভা দরপত্র আহ্বানের পূর্বে উহার প্রাক্কলন বিবেচনা ও অনুমোদনের জন্য নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন অনুমোদন প্রাপ্তির পর পৌরসভা দরপত্র আহ্বান করিতে পারিবে এবং চুক্তি সম্পাদনের পূর্বে পৌরসভা উহার সুপারিশসহ সকল দরপত্র এবং দরপত্রের সহিত দাখিলকৃত সংশ্লিষ্ট কাগজপত্র নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

৮। **চুক্তি সম্পাদন।**—পৌরসভার পক্ষে সকল চুক্তি চেয়ারম্যান কর্তৃক সম্পাদিত হইবে।

৯। **কার্যাদেশ প্রদান এবং পত্র যোগাযোগ।**—এই বিধিমালার অধীন সম্পাদিত চুক্তি বাস্ত-বায়নের স্বার্থে প্রয়োজনীয় যাবতীয় পত্র যোগাযোগ যথা কার্যাদেশ প্রদান, সময়ে সময়ে তাগাদা প্রদান, চুক্তি সম্পাদনের আহ্বান জানাইয়া ঠিকাদারকে পত্র প্রদান, ঠিকাদারকে জ্ঞাত করানোর জন্য যাবতীয় বিষয়াদির পত্র যোগাযোগ, চেয়ারম্যানের পূর্বানুমোদনক্রমে, দরপত্র কমিটির সচিব কর্তৃক সম্পাদিত হইবে।

১০। **চুক্তি বাতিলকরণ।**—(১) ঠিকাদারের যে কোন ব্যর্থতার জন্য দশ দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক চেয়ারম্যান কোন চুক্তি বাতিল করিতে পারিবেন এবং নিম্নবর্ণিত ক্ষেত্রে ঠিকাদার ব্যর্থ হইয়াছেন বলিয়া বিবেচিত হইবে—

(ক) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে ; অথবা

(খ) চুক্তি বা চুক্তির অংশবিশেষ অন্যকে অর্পণ (উপ-চুক্তি বা Sub-late) করিলে ; অথবা

(গ) চুক্তিপত্র বা দরপত্রে বর্ণিত কোন শর্ত ভঙ্গ বা শর্তসমূহের বরখেলাপ করিলে ; অথবা

(ঘ) প্রকৌশলী কর্তৃক বাতিলকৃত মালামাল কিংবা কাজ প্রকৌশলী কর্তৃক লিখিত নোটিশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে অপসারণ না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন চুক্তি বাতিলের পর যথাযথ প্রকৌশলী ঠিকাদার কর্তৃক সম্পাদিত সন্তোষজনক কাজের পরিমাণ, ঠিকাদার বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে, নির্ধারণ করিবেন এবং অসমাপ্ত কাজ সমাপ্তকরণের জন্য প্রাক্কলন প্রস্তুত করিয়া পৌরসভার অনুমোদন গ্রহণপূর্বক যথারীতি পুনরায় দরপত্র আহ্বান করার জন্য দরপত্র কমিটিকে অনুরোধ করিবেন।

১১। **কতিপয় ব্যক্তির সহিত চুক্তি নিষিদ্ধ।**—পৌরসভার চেয়ারম্যান, কমিশনার, কর্মকর্তা বা কর্মচারী কিংবা উক্ত চেয়ারম্যান, কমিশনার এবং কর্মকর্তা বা কর্মচারীর মালিকানাধীন বা তাহার দ্বারা পরিচালিত ব্যবসায়ে জড়িত কোন ব্যক্তির সহিত পৌরসভা কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে না বা পৌরসভার পক্ষে চুক্তি করা যাইবে না।

১২। **জামানত।**—(১) চুক্তির শর্তাবলী অনুযায়ী সংশ্লিষ্ট কাজ সম্পাদন বা, ক্ষেত্রমত, প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করিবার উদ্দেশ্যে পৌরসভা সংশ্লিষ্ট কাজ বা প্রকল্পের মূল্যের ১০% হারে ঠিকাদারের নিকট হইতে জামানত গ্রহণ করিবে।

(২) ঠিকাদার কর্তৃক বিধি ৫ এর উপ-বিধি (৩) এর অধীন প্রদেয় বায়নার টাকা উপ-বিধি (১) এ বর্ণিত জামানতের সহিত সমন্বয় করা হইবে।

(৩) নির্মাণ কাজ সমাপ্তির তারিখ হইতে এক বৎসর পর্যন্ত জামানতের অর্থ পৌরসভার নিকট জমা থাকিবে এবং উক্ত সময়-সীমা উত্তীর্ণ হইবার পর ঠিকাদার লিখিত আবেদন করিলে যথাযথ প্রকৌশলী কর্তৃক সংশ্লিষ্ট কাজ সরেজমিনে পরিদর্শনের পর সন্তোষজনক প্রতিবেদন প্রদান সাপেক্ষে, ঠিকাদারকে জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে।

১৩। **পাওনা পরিশোধের পদ্ধতি।**—(১) ঠিকাদারকে কোন নির্মাণ কাজ সম্পাদন বা দ্রব্যসামগ্রী সংগ্রহের জন্য কোন অগ্রিম প্রদান করা যাইবে না।

(২) দরপত্রে বর্ণিত কার্যের ২৫% সম্পাদন করার পর ঠিকাদারের লিখিত আবেদনের ভিত্তিতে, ৬০ দিনের মধ্যে, সম্পাদিত কাজের পরিমাপ করিয়া মাপ বহিতে লিপিবদ্ধ করার পর, প্রকৌশলী কর্তৃক উক্ত বহিতে প্রত্যয়ন সাপেক্ষে, কেবলমাত্র সম্পাদিত কাজের জন্য ঠিকাদারের দাখিলকৃত চলতি বিলের ৭৫% পরিশোধ করা যাইবে।

(৩) সম্পূর্ণ কাজ সম্পাদনের পর ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে, আবেদন প্রাপ্তির ৯০ দিনের মধ্যে, কাজের পরিমাপ গ্রহণ করিয়া মাপ বহিতে লিপিবদ্ধ করার পর, প্রকৌশলী কর্তৃক উক্ত বহিতে প্রত্যয়ন সাপেক্ষে, ঠিকাদারের চূড়ান্ত বিল পরিশোধ করা হইবে।

১৪। **অধ্যাদেশ, ইত্যাদি বহির্ভূত চুক্তি।**—অধ্যাদেশ এবং এই বিধিমালার বিধানাবলীর সহিত সঙ্গতি বা সামঞ্জস্যপূর্ণ নয় এ ধরণের কোন চুক্তি সম্পাদন করা হইলে, উক্ত চুক্তির দায়-দায়িত্ব চুক্তি স্বাক্ষরকারীর ব্যক্তিগত দায়রূপে গণ্য হইবে।

১৫। রহিতকরণ।—Paurashava (Contracts) Rules, 1978 এতদ্বারা রহিত করা হইল।

দরপত্র বিজ্ঞাপন

ফরম 'ক'

.......................................................................................... পৌরসভা

জেলা ..........................................................................................

১। (ক) নিম্নে বর্ণিত কাজের জন্য .................................. পৌরসভার........................ তালিকাভুক্ত ........................................ শ্রেণীর ঠিকাদারের নিকট হইতে .................... ফরমে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। দরপত্রগুলি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক পৌরসভা অফিসে.................................. তারিখ দুপুর.............. টায় পর্যন্ত গ্রহণ করা হইবে এবং.......................................তারিখ................................মিনিটে দরপত্রদাতা অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির উপস্থিতিতে দরপত্র কমিটির সচিবের..........................নং অফিস কক্ষে খোলা হইবে। প্রতিটি দরপত্র সীলমোহরকৃত খামে কাজের নাম উল্লেখপূর্বক দাখিল করিতে হইবে।

২। কাজের নাম ঃ ........................................................................................।

৩। প্রাক্কলিত মূল্য ঃ........................................................................................।

৪। বায়নার মূল্য (earnest money) টাকা ঃ..................................................।

৫। কার্যসমাপ্ত করার সময় ঃ কার্যাদেশ প্রদানের তারিখ হইতে ............................................. দিন/মাস।

৬। চুক্তির দলিলাদি যথা ঃ ফরম "খ"/ফরম "গ" কাজের সিডিউল, অতিরিক্ত শর্তাবলী ইত্যাদি পৌরসভার প্রকৌশল শাখায় প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে দেখা যাইবে এবং নগদ ........................................ টাকা মূল্যে (অফেরৎযোগ্য) প্রতি সেট দরপত্র বিজ্ঞপ্তি, কাজের সিডিউল এবং অতিরিক্ত শর্তাবলী ক্রয় করা যাইবে। দরদাতা নিজে অথবা তাহার ক্ষমতাপ্রাপ্ত সত্যায়িত স্বাক্ষরকৃত পত্র বহনকারী প্রতিনিধি দরপত্র ফরম ক্রয় করিতে পারিবেন। দরপত্র খোলার দিন কোন দরপত্র ফরম বা সিডিউল বিক্রয় করা হইবে না।

৭। ফরম "খ"/ফরম "গ"এ উল্লিখিত ছকে অংকে এবং কথায় কাজের বিভিন্ন আইটেমের দর অথবা সংক্ষিপ্ত ফরমের প্রথম পাতায় নির্ধারিত স্থানে শতকরা হারে অর্থাৎ 'সমদরে' অথবা সিডিউল দর অপেক্ষা ............... % 'কম' কিংবা সিডিউল এর দর অপেক্ষা ........ % 'বেশী' দরে অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে।

৮। দরপত্র দলিলাদি যথাঃ দরপত্র বিজ্ঞপ্তি, কাজের সিডিউল, অতিবিক্ত শর্তাবলী ইত্যাদির প্রতি পৃষ্ঠায় দরপত্র দাখিলকারী কর্তৃক সঠিকভাবে স্বাক্ষরিত হইতে হইবে, যাহা দরপত্রের অংশ এবং দরপত্র দাখিলকারীর উপর বাধ্যতামূলক হিসাবে গণ্য হইবে।

৯। প্রতিটি দরপত্রের সহিত চেয়ারম্যান, .................................. পৌরসভার অনুকূলে বায়নার টাকা (earnest money) হিসাবে নির্মাণ কাজের ক্ষেত্রে প্রাক্কলিত দরের ২% হারে মোট ............................ টাকা এবং দ্রব্যসামগ্রী ও উপকরণ সংগ্রহ বা ক্রয়ের ক্ষেত্রে উদ্ধৃত দরের ৫% হারে মোট ...................... টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার সংযুক্ত করিতে হইবে।

১০। নিম্নলিখিত কারণে দরপত্রসমূহ অসম্পূর্ণ বলিয়া ঘোষিত হইবে এবং চূড়ান্তভাবে বাতিল হইবেঃ

(ক) দরপত্র দলিলের সকল পৃষ্ঠায় দরপত্র দাখিলকারীর স্বাক্ষর না থাকিলে ;

(খ) দর উল্লেখ করিতে যদি কোন গরমিল, লেখার উপর লেখা, দ্বি-অর্থবোধক হয় অথবা যদি কিছু বাদ পড়ে এবং কোন কাটাকাটি বা সংশোধনকৃত দরপত্র দাখিলকারী কর্তৃক স্বাক্ষরিত না থাকে ;

(গ) যদি দরপত্রদাতা কর্তৃক কোন অতিরিক্ত শর্ত আরোপ করা হয় ;

(ঘ) যদি দরপত্রের সহিত প্রয়োজনীয় বায়নার টাকা দেওয়া না হইয়া থাকে ;

(ঙ) দরপত্রে বর্ণিত প্রাক্কলিত ব্যয়ের চেয়ে যে সকল দরপত্রে ৫% এর অধিক ঊর্ধ্ব দর উল্লিখিত হয়।

১১। কৃতকার্য দরপত্র দাখিলকারীকে পৌরসভার সহিত রীতিসিদ্ধ চুক্তিতে আবদ্ধ হইতে হইবে ইহার জন্য তাহাকে তাহার দরপত্র অনুমোদিত হইয়াছে এই মর্মে পৌরসভার নির্বাহী প্রকৌশলী কর্তৃক পত্র ইস্যুর দিন হইতে ৩ (তিন) দিনের মধ্যে পৌরসভার সহিত নির্ধারিত মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিতে আবদ্ধ হইতে হইবে

সদস্য-সচিব

স্মারক নং-ঃ

দরপত্র কমিটি

অনুলিপি প্রদান করা হইল ঃ

.............................. পৌরসভা।

ফরম "খ"

# কাজের দফাওয়ারী দরপত্র এবং চুক্তিপত্র

## "ঠিকাদারের অনুসরণের জন্য সাধারণ নির্দেশাবলী"

১। যে সকল কাজ চুক্তিতে সম্পাদন করা হইবে সেইগুলি পৌরসভা (চুক্তি) বিধিমালা, ২০০০ মোতাবেক দরপত্র কমিটির সদস্য-সচিব এর স্বাক্ষরে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করিবে হইবে। এই ফরমে যে কাজ করিতে হইবে তাহার বর্ণনা, দরপত্র দাখিলের এবং খোলার তারিখ, কার্য সম্পাদনের অনুমোদিত সময় উল্লেখ থাকিবে। ইহা ছাড়া দরপত্রের সহিত দাখিলযোগ্য বায়নার (earnest money) টাকার পরিমাণ, নির্বাচিত ঠিকাদারের জন্য দাখিলযোগ্য জামানতের টাকার পরিমাণ এবং শতকরা হিসাবে বিল হইতে কর্তন যোগ্য কোন টাকার পরিমাণ উল্লেখ থাকিতে হইবে। দরপত্র দাখিলে আগ্রহী ঠিকাদারদের পরিদর্শনের জন্য কাজের স্পেসিফিকেশন, ডিজাইন, নক্সা ও অন্যান্য দলিলপত্রাদি পৌরসভার প্রকৌশল বিভাগ এর দপ্তরে দরপত্র কমিটির সদস্য-সচিবের স্বাক্ষরকৃত অবস্থায় অফিস চলাকালীন সময় রাখা হইবে।

২। যদি কোন ফার্ম কর্তৃক দরপত্র দাখিল করা হয় তবে সেখানে ফার্মের সদস্যদের পৃথকভাবে স্বাক্ষর থাকিতে হইবে। যদি কোন সদস্য অনুপস্থিত থাকেন তবে সেইক্ষেত্রে এতদসংক্রান্ত কাজে আম মোক্তারনামা বলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার পক্ষে স্বাক্ষর করিবেন এবং উক্ত আম মোক্তারনামা দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। যৌথ পরিবারের একজন সদস্য কর্তৃক পরিচালিত ফার্ম ব্যতীত সকলকেই অংশীদারী আইন, ১৯৩২ (১৯৩২ সনের ৯ নং আইন) মোতাবেক ফার্মের রেজিষ্ট্রি হইয়াছে কিনা তাহা অবশ্যই প্রকাশ করিতে হইবে।

৩। ফার্ম কর্তৃক সম্পাদিত কাজের জন্য পরিশোধকৃত বিলের রশিদে সকল অংশীদার সদস্যের স্বাক্ষর থাকিতে হইবে। যখন ঠিকাদার দরপত্রে একটি ফার্ম হিসাবে উল্লিখিত থাকিবেন তখন একজন অংশীদার সদস্যকে ফার্মের পক্ষে স্বাক্ষর করিতে হইবে। অথবা পরিশোধিত বিলের রশিদে স্বাক্ষর করিবার জন্য সকল অংশীদারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তিকে ফার্মের পক্ষে স্বাক্ষর করিতে হইবে।

৪। যে ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র দাখিল করিবেন তাহাকে মুদ্রিত ফরমে কাজের প্রতিটি আইটেম তিনি কি দরে করিতে চান তাহার উল্লেখ করিতে হইবে। যে দরপত্র আহ্বানকৃত দরপত্রের বিজ্ঞপ্তি ফরমে বর্ণিত কোন কাজের পরিবর্তন অথবা কাজ সম্পাদনের জন্য অনুমোদিত সময় পরিবর্তনের প্রস্তাব অথবা কোন ধরণের শর্ত আরোপিত থাকিবে, সেই দরপত্র বাতিলের যোগ্য বলিয়া গণ্য হইবে। একটি দরপত্র একটির অধিক কাজের জন্য দাখিল করা যাইবে না। আগ্রহী ঠিকাদারগণ দুই বা ততোধিক কাজের প্রতিটির জন্য পৃথকভাবে দরপত্র দাখিল করিতে পারিবেন। দরপত্রের খামের উপর কাজের নাম ও ক্রমিক সংখ্যা উল্লেখ থাকিতে হইবে।

৫। দরপত্রে অংশগ্রহণকারী উপস্থিত ঠিকাদারগণ অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির উপস্থিতিতে নির্ধারিত স্থানে দরপত্র কমিটির সদস্য-সচিব কর্তৃক অথবা তাহার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা দ্বারা দরপত্রসমূহ খুলিতে হইবে এবং একটি উপযুক্ত ফরমে প্রাপ্ত দরপত্রসমূহের তুলনামূলক বিবরণী তৈরী করিতে হইবে।

৬। দরপত্র কমিটির সদস্য-সচিব অথবা তাহার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা দ্বারা কোন দরপত্র গৃহীত হইলে উক্ত দরপত্রের সহিত ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বায়নার টাকার প্রাপ্তি রশিদ ঠিকাদারকে প্রদান করিতে হইবে। তিনি পরবর্তীতে সনাক্তকরণের জন্য ১নং নির্দেশাবলীতে উল্লেখিত স্পেসিফিকেশন ও অন্যান্য দলিলাদির কপিতে স্বাক্ষর করিবেন। যদি কোন দরপত্র বাতিল করা হয় তাহা হইলে সেই দরপত্রের সহিত দাখিলকৃত বায়নার টাকা দরপত্র গ্রহণের সিদ্ধান্তের পর ফেরৎ দিতে হইবে। তবে ঠিকাদারকে নিজে পৌরসভায় হাজির হইয়া বায়নার টাকা ফেরৎ লইতে হইবে।

৭। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র বাতিল করিবার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে।

৮। ঠিকাদার কর্তৃক কোন টাকা পরিশোধের রশিদ পৌরসভার কোন কর্মচারী প্রদান করিলে উহা প্রদত্ত অর্থের প্রাপ্তিস্বীকার বলিয়া গণ্য হইবে না। যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত রশিদ সংগ্রহ করা ঠিকাদারের দায়িত্ব।

## কাজের দরপত্র

এতদ্দ্বারা আমি/আমরা ........................................পৌরসভার নিম্নবর্ণিত স্মারকলিপিতে উল্লেখিত কাজ, উল্লেখিত সময়ের মধ্যে, উল্লেখিত দরে এবং সর্বতোভাবে স্পেসিফিকেশন, ডিজাইন, নক্সা এবং এতদসংশ্লিষ্ট ১নং নির্দেশাবলী এবং সংযুক্ত চুক্তির দফা ৮ এ লিখিত উপদেশাবলী মোতাবেক এবং সর্বতোভাবে প্রযোজ্য শর্ত মোতাবেক মালামাল দ্বারা সম্পাদনের জন্য দরপত্র দাখিল করিতেছি।

(ক) সাধারণ বর্ণনা ....................................

(খ) প্রাক্কলিত ব্যয় ...............................টাকা

(গ) বায়নার .......................................টাকা

(ঘ) জামানতের টাকা (বায়নাসহ) ..............
..........................................টাকা

(ঙ) শতকরা হারে বিল হইতে কর্তনযোগ্য
কোন টাকা (যদি থাকে).....................

(চ) কার্যাদেশ প্রদানের তারিখ হইতে কার্য
সম্পাদনের অনুমোদিত সময় ..............
মাস ........................... দিন।

| আইটেমের ক্রমিক নং | কাজের আইটেমের বিবরণ ও পরিমাণ | একক | প্রতি | দরপত্রে উদ্ধৃত দর (টাকায়) | |
|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় |

বিঃ দ্রঃ প্রয়োজনবোধে অতিরিক্ত পাতায় বর্ধিত করা যাইবে।

আমি/আমরা দরপত্র বিজ্ঞপ্তি এবং এতদসহিত সংযুক্ত চুক্তির জন্য প্রযোজ্য সকল শর্তাবলী পড়িয়াছি। আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, দরপত্রটি গ্রহণ করা হইলে আমি/আমরা দরপত্র দলিলের সকল শর্তাবলী পূরণ করিব ও মানিয়া চলিব। অন্যথায়.......................................... পৌরসভা কর্তৃক চুক্তির শর্তানুযায়ী চুক্তিতে উল্লিখিত অর্থ .................................পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হইবে এবং আমি/আমরা উক্ত পরিমাণ অর্থ ............................পৌরসভাকে প্রদান করিতে বাধ্য থাকিব।

বায়নার টাকা হিসাবে মোট..........................................টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার প্রদান করা হইল যাহার সবই আমি/আমরা উক্ত স্মারকে বর্ণিত কাজ শুরু করিতে ব্যর্থ হইলে .............................................. পৌরসভার অনুকূলে নিঃশর্তভাবে বাজেয়াপ্ত হইয়া যাইবে।

দরপত্র দাখিলের পূর্বে ঠিকাদারের স্বাক্ষর তারিখ ঃ.................................

ঠিকাদারের স্বাক্ষরের প্রত্যায়নকারী সাক্ষীর স্বাক্ষর ও তারিখ

সাক্ষীর নাম...................................
ঠিকানা ...................................
পেশা......................................

উপরোক্ত দরপত্রটি পৌরসভার পক্ষে আমি গ্রহণ করিলাম।

অনুমোদনকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ

## চুক্তির শর্তাবলী

**জামানত ঃ**

দফা-১ ঃ .................................. পৌরসভা চুক্তি অনুযায়ী সম্পাদিত কাজের বিল পরিশোধের সময়.........................টাকা (তাহার দ্বারা জমাকৃত বায়নার টাকাসহ তাহার সম্পাদিত কাজের মোট মূল্যের শতকরা ১০ (দশ) টাকা কর্তন করিয়া রাখিতে পারিবেন এবং এইরূপ কর্তনকৃত টাকা জামানত হিসাবে পৌরসভায় রক্ষিত থাকিবে।

**বিলম্বের জন্য ক্ষতিপূরণ ঃ**

দফা-২ ঃ কাজটি সম্পাদনের জন্য দরপত্রে উল্লেখিত নির্ধারিত সময়সীমা ঠিকাদার কর্তৃক কঠোরভাবে অনুসরণ করিতে হইবে এবং অফিস আদেশে ঠিকাদারকে কাজটি শুরু করার জন্য যে তারিখ নির্ধারণ করিয়া দিয়াছে, ঐ দিন হইতেই সময়সীমা ধার্য হইবে। চুক্তির নির্ধারিত সময় চুক্তিপত্রের অন্যতম উপাদান বিবেচনায় নির্ধারিত সময়ের মধ্যে সময়ানুপাতিকভাবে ঠিকাদারকে কাজটির যথাযথ অগ্রগতি সাধন করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজটি আরম্ভ করা না হইলে অথবা অসমাপ্ত থাকিলে প্রতিদিনের বিলম্বের জন্য ঠিকাদার মোট প্রাক্কলিত ব্যয়ের.১% হারে অথবা পৌরসভার চূড়ান্ত সিদ্ধান্ত মোতাবেক নিম্নহারে ক্ষতিপূরণ পৌরসভাকে পরিশোধ করিবেন। কোন কাজ সম্পাদনে ১ (এক) মাসের বেশী সময় বরাদ্দ করা হইলে কাজটির যথাযথ অগ্রগতির নিশ্চয়তা বিধানের জন্য এক-চতুর্থাংশ সময় অতিবাহিত হইবার পূর্বে এক-চতুর্থাংশ কাজ, অর্ধেক সময় অতিবাহিত হইবার পূর্বে অর্ধেক কাজ এবং তিন-চতুর্থাংশ সময় অতিবাহিত হইবার পূর্বে তিন-চতুর্থাংশ কাজ সম্পাদিত হইতে হইবে। ঠিকাদার এই শর্ত পূরণে ব্যর্থ হইলে যতদিন পর্যন্ত সম্পূর্ণ কাজ সমাধা না হয় সেইক্ষেত্রে প্রতিদিনের জন্য প্রাক্কলিত ব্যয়ের ১% হারে অথবা পৌরসভার চূড়ান্ত সিদ্ধান্ত মোতাবেক নিম্নহারে পৌরসভাকে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন। তবে এই দফায় ক্ষতিপূরণ আদায়ের যে সংস্থান করা হইয়াছে তাহা সাকুল্যে দরপত্রে উল্লেখিত কাজের প্রাক্কলিত ব্যয়ের ১০% এর উর্দ্ধে হইবে না।

**যখন সম্পূর্ণ জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে ঃ**

দফা-৩ ঃ যেক্ষেত্রে ঠিকাদার এই চুক্তির কোন দফা বা দফাসমূহের আওতায় তার জামানতের সমুদয় অর্থ (এককালীন অথবা কিস্তিতে পরিশোধকৃত) ক্ষতিপূরণ হিসাবে পরিশোধ করিবার যোগ্য সেইক্ষেত্রে পৌরসভার পক্ষে চেয়ারম্যান পৌরসভার বৃহত্তর স্বার্থের কথা বিবেচনা করিয়া নিম্নবর্ণিত যে কোন ব্যবস্থা অবলম্বন করিবার ক্ষমতা রাখেন ঃ

(ক) চুক্তি বাতিল করিবার জন্য চেয়ারম্যানের অনুমোদনক্রমে প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত ঠিকাদারকে প্রদত্ত চুক্তি বাতিল নোটিশ চূড়ান্ত প্রমাণ হিসাবে বিবেচিত হইবে এবং সেইক্ষেত্রে ঠিকাদারের জমানত সম্পূর্ণরূপে পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হইয়া যাইবে।

(খ) ঠিকাদার কর্তৃক সম্পাদিত এবং অসম্পূর্ণ কাজের পরিমাপ গ্রহণ এবং অসম্পূর্ণ কাজ অন্য ঠিকাদার দ্বারা সম্পাদনকরণের ক্ষেত্রে মূল ঠিকাদারের সম্পূর্ণ কাজে যে অর্থ ব্যয় হইত তাহার অধিক ব্যয় (যাহার পরিমাণ পৌরসভার প্রকৌশলী নির্ধারণ করিবেন) মূল ঠিকাদারই বহন বা পরিশোধ করিবেন এবং এই উদ্দেশ্যে পৌরসভার কাছে চুক্তির আওতায় ঠিকাদারের প্রাপ্য অথবা তাহার জামানত অথবা মালামাল বিক্রয়লব্ধ তাহার কোন টাকা অথবা উহার অংশ হইতে কর্তন করিয়া লওয়া যাইবে।

ব্যবস্থাসমূহের ক্ষেত্রে ঠিকাদার কাজ সম্পাদন এবং চুক্তিপত্র বাস্তবায়নের জন্য মালামাল ক্রয় কিংবা সংগ্রহ কিংবা কাহাকেও নিয়োজিত করা কিংবা কোন অগ্রিম প্রদান করিবার কারণে ক্ষতিগ্রস্ত হইলে ঠিকাদার কোন ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না। উপরোল্লিখিত যে কোন শর্তে চুক্তি বাতিল হইলে যদি এবং যতক্ষণ পর্যন্ত প্রকৌশলী লিখিতভাবে কাজের মান এবং পরিমাণ এবং তাহার প্রাপ্য মূল্য সম্বন্ধে প্রত্যায়ন না করেন ততক্ষণ কোনভাবেই ঠিকাদার এই চুক্তির অধীনে সম্পাদিত কোন কাজের মূল্য আদায় অথবা প্রাপ্তির যোগ্য হইবেন না।

**ঠিকাদারের যন্ত্রপাতিসমূহের দখল নেওয়া অথবা অপসারণ অথবা বিক্রয় করার ক্ষমতা ঃ**

দফা-৪ ঃ যে-কোন কারণে উপরোক্ত দফা ৩ এ প্রাপ্ত ক্ষমতাবলে প্রকৌশলী ক্ষমতা প্রয়োগযোগ্য হওয়া সত্ত্বেও তাহা প্রয়োগ না করেন তবে তাহাকে কোন শর্তে পরিহার করা হইয়াছে বলিয়া ধরা যাইবে না। চুক্তির শর্তমতে কোন ভবিষ্যত ব্যর্থতার কারণে ঠিকাদারের উপর সমস্ত জামানত ক্ষতিপূরণ হিসাবে আদায় যোগ্যের ক্ষেত্রে উক্ত ক্ষমতা বলবৎ থাকিবে এবং ঠিকাদারের সকল অতীত ও ভবিষ্যত ক্ষতিপূরণের ক্ষেত্রে উহা বহাল থাকিবে। দফা ৩ (ক) অথবা (খ) তে প্রকৌশলীকে যে সকল ক্ষমতা প্রদান করা হইয়াছে সেইগুলি প্রয়োগের ক্ষেত্রে তিনি ইচ্ছা করিলে ঠিকাদারের ক্রয়কৃত ও কার্যে ব্যবহৃত সমস্ত অথবা যে কোন যন্ত্রপাতি, মালামাল প্রভৃতি যাহা কার্যে অথবা কার্যস্থলে রহিয়াছে তাহার দখল লইতে পারিবেন এবং চুক্তির শর্তে উল্লেখিত দর অনুযায়ী অথবা যে ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না সেখানে প্রকৌশলী কর্তৃক প্রত্যায়নকৃত বাজার দর চূড়ান্ত বিবেচিত হিসাবে সেইগুলির মূল্য পরিশোধ করা হইবে। নতুবা প্রকৌশলী নির্দিষ্ট সময় উল্লেখ করিয়া ঠিকাদারকে অথবা তাহার কর্মচারীকে, ফোরম্যানকে অথবা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে কর্মস্থল হইতে যন্ত্রপাতি, মালামাল অপসারণের নির্দেশ প্রদান করিতে পারিবেন। যদি ঠিকাদার উক্ত নির্দেশ পালনে ব্যর্থ হন তবে

প্রকৌশলী ঠিকাদারের খরচে এইগুলি অপসারণ করাইতে পারিবেন অথবা নিলাম বা সরাসরি বিক্রয় করিতে পারিবেন যাহার অর্থ ঠিকাদারের খরচ হিসাবে গণ্য হইবে এবং এই ধরণের যে কোন অপসারণ বা বিক্রয়ের জন্য কোন খরচ অথবা বিক্রয়লব্ধ অর্থের পরিমাণের ক্ষেত্রে প্রকৌশলী প্রদত্ত প্রত্যায়নই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

**সময় বর্ধন ঃ**

দফা-৫ ঃ অনিবার্য কারণবশতঃ কার্য সম্পাদনে বাধাপ্রাপ্ত হইয়া যদি ঠিকাদার সময় বর্ধিত করিতে চাহেন তবে তিনি বাধাপ্রাপ্ত হওয়ার পর তৎক্ষণাৎ প্রকৌশলীকে বাধাপ্রাপ্তির বিষয় লিখিতভাবে অবহিত করিবেন। উক্ত কারণে কার্য সম্পাদনের সময় বৃদ্ধি করিতে চাহিলে ঠিকাদার উক্ত বাধা অপসারিত হইবার সাত দিনের মধ্যে পৌরসভার প্রকৌশলী এর নিকট উক্ত কারণে সময় বৃদ্ধি চাহেন এই মর্মে লিখিত আবেদন করিবেন। অতঃপর পৌরসভার প্রকৌশলী তাহার মতে প্রদর্শিত কারণসমূহ যুক্তিযুক্ত হইলে এবং এইরূপ কোন কারণে সময় বৃদ্ধি প্রয়োজন যুক্তিযুক্ত হইলে তিনি চেয়ারম্যানের অনুমোদনক্রমে প্রয়োজনীয় বর্ধিত সময় মঞ্জুরী প্রদান করিবেন।

**চূড়ান্ত প্রত্যায়নপত্র ঃ**

দফা-৬ ঃ সম্পূর্ণ কার্য সম্পাদনের পর প্রকৌশলী কার্যটি সম্পূর্ণ সম্পাদিত হইয়াছে এই মর্মে একটি প্রত্যায়নপত্র দিবেন। ঠিকাদার যে জায়গায় কার্য সম্পাদন করিবেন বা কার্য সম্পাদনের জন্য যে সকল জায়গা দখল লইয়াছেন সেই সকল জায়গা হইতে ভারা, উদ্বৃত্ত মালামাল, রাবিশ এবং সম্পাদিত কাজ ও তাহার আশেপাশের সকল কাঠের কাজ, দরজা, জানালা, দেওয়াল, মেঝে অথবা যে কোন ইমারতের যে কোন অংশ প্রভৃতি যতক্ষণ না পরিষ্কার করিবেন ততক্ষণ তাহাকে কার্য সম্পূর্ণ সম্পাদনের চূড়ান্ত প্রত্যায়নপত্র প্রদান করা হইবে না বা তাহার কাজ চূড়ান্ত হইয়াছে বলিয়া গণ্য করা যাইবে না। অথবা প্রকৌশলী যতক্ষণ পর্যন্ত সমাপ্তকৃত কাজের ঠিকাদারের ক্ষেত্রে চূড়ান্ত এবং বাধ্যতামূলক পরিমাপ গ্রহণ না করিবেন ততক্ষণ পর্যন্ত এ কাজটি চূড়ান্ত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে না। যদি দফায় বর্ণিত শর্ত মোতাবেক এবং কার্য সমাপ্তির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার ভারা, উদ্বৃত্ত মালামাল ও রাবিশ প্রভৃতি কার্যস্থল হইতে অপসারণ করিতে এবং কার্যস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন করিতে ব্যর্থ হন তাহা হইলে প্রকৌশলী ঠিকাদারের খরচে এই সকল ভারা, উদ্বৃত্ত মালামাল ও রাবিশ প্রভৃতি কার্যস্থল হইতে অপসারণ অথবা বিক্রয় করাইতে পারিবেন। ঠিকাদার এই কাজের জন্য খরচকৃত সকল পাওনা পরিশোধ করিবেন। বিক্রয়লব্ধ অর্থ ছাড়া ঠিকাদারের ভারা, উদ্বৃত্ত মালামাল, রাবিশ প্রভৃতির কোন দাবী থাকিবে না।

**সকল মধ্যবর্তীকালীন পরিশোধিত টাকাই অগ্রীমরূপে গণ্য ঃ**

দফা-৭ ঃ অনূর্ধ ২৫,০০০ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যমানের কাজের ক্ষেত্রে সম্পূর্ণ কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত এবং কাজ সমাপ্তির প্রত্যায়নপত্র না দেওয়া পর্যন্ত কোন পাওনা পরিশোধ করা যাইবে না। কিন্তু প্রাক্কলিত মূল্য ২৫,০০০ টাকার ঊর্ধ্বের সকল কাজের ক্ষেত্রে ঠিকাদার বিল পেশ করা সাপেক্ষে সমাপ্তকৃত কাজের অনুপাতে চলতি বিল দেওয়া যাইতে পারে। কিন্তু এই ধরণের সকল মধ্যবর্তীকালীন পরিশোধকৃত পাওনা চূড়ান্ত পাওনার অগ্রিম হিসাবে বিবেচিত হইবে এবং আংশিক সমাপ্ত কাজের পাওনা হিসাবে ইহা বিবেচিত হইবে না। এই পাওনা পরিশোধ ঠিকাদারের কোন ত্রুটিপূর্ণ অথবা অদক্ষ কাজের অপসারণ, পুনঃনির্মাণ অথবা পুনঃস্থাপনে বাধা সৃষ্টি করিতে পারিবে না। ইহাতে কাজ অথবা কাজের অংশবিশেষ চুক্তি মোতাবেক সঠিকভাবে সমাপ্ত হইয়াছে বলিয়াও ধরা হইবে না। ইহা কোন দাবীর নিষ্পত্তি হিসাবে বিবেচিত হইবে না। ইহা প্রকৌশলী এর চূড়ান্ত হিসাবে নিষ্পত্তি বা সমন্বয় করার জন্য কোন ক্ষমতা খর্ব করিতে পারিবে না। অবশ্যই অন্য কোন উপায়ে চুক্তির উপর কোন সিদ্ধান্ত ও পার্থক্য সৃষ্টি বা প্রভাব বিস্তার করিতে পারিবে না। কাজটি চূড়ান্তভাবে সমাপ্তির নির্ধারিত তারিখের এক মাসের মধ্যে ঠিকাদারকে চূড়ান্ত বিল পেশ করিতে হইবে অন্যথায় প্রকৌশলী এর দ্বারা প্রত্যায়নকৃত পরিমাপ এবং সে অনুযায়ী নির্ণেয় মোট পরিশোধযোগ্য অর্থই সকলের জন্য চূড়ান্ত এবং বাধ্যতামূলক বিবেচিত হইবে।

**কাজের স্পেসিফিকেশন, নক্সা, আদেশ প্রভৃতি অনুযায়ী কার্য সম্পাদন করিতে হইবে ঃ**

দফা-৮ ঃ ঠিকাদারকে সমস্ত কাজ এবং উহার প্রতিটি অংশ বাস্তব এবং উত্তম কারিগরী উপায়ে স্পেসিফিকেশন মোতাবেক এবং অন্যান্য শর্তানুযায়ী সম্পাদন করিতে হইবে। ঠিকাদারকে প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত এবং তাহার অফিসে রক্ষিত কাজের সহিত সম্পর্কযুক্ত সকল ডিজাইন, নক্সা এবং লিখিত নির্দেশসমূহ সঠিকভাবে, সম্পূর্ণ বিশ্বস্ততার সহিত পালন করিতে হইবে। ঠিকাদার অফিস চলাকালীন সময়ে প্রকৌশলী-এর অফিসে ঐ সমস্ত ডিজাইন, নক্সা ইত্যাদি দেখিতে পারেন এবং ঠিকাদার যদি প্রয়োজন মনে করেন তবে তাহার নিজের খরচে কার্যস্থল পরিদর্শন ও এই সকল স্পেসিফিকেশন, ডিজাইন, নক্সা এবং নির্দেশাবলীসমূহের অনুলিপি করাইয়া লইতে পারিবেন।

**স্পেসিফিকেশন এবং ডিজাইনের পরিবর্তন ঃ**

দফা-৯ ঃ কাজ চলাকালীন সময়ে প্রয়োজনবোধে অথবা যথার্থ মনে করিলে প্রকৌশলী মূল মোট প্রাক্কলিত ব্যয়ের অনধিক ১০ (দশ) শতাংশ পর্যন্ত কাজের পরিমাণের যে কোন পরিবর্তন বাতিল, সংযোজন অথবা বিকল্প প্রদান করিতে পারিবেন। মূল মোট প্রাক্কলিত ব্যয়ের অথবা নির্দেশনামাসমূহে যে কোন পরিবর্তন/পরিবর্ধন

আবশ্যক হইলে উহার জন্য পৌরসভার নিকট হইতে কার্য সম্পাদনের পূর্বে লিখিত সম্মতি লইতে হইবে। ঠিকাদার প্রকৌশলী এর স্বাক্ষরিত লিখিত এই সকল নির্দেশনামা মোতাবেক কার্য সম্পাদন করিতে বাধ্য থাকিবেন এবং এই ধরনের পরিবর্তন, সংযোজন অথবা বাতিল হওয়ার ফলে মূল চুক্তি অবৈধ বিবেচিত হইবে না। মূল চুক্তিতে ঠিকাদার যে শর্তে কাজ করিতে সম্মত হইয়াছে উপরে বর্ণিত নিয়মানুযায়ী মূল কাজের অংশ হিসাবে যে কোন সংযোজিত, বিকল্প কাজ সেই শর্তে ঠিকাদারকে করিতে দেওয়া যাইতে পারিবে। মূল কাজের জন্য দরপত্রে যে দর বর্ণিত আছে এই সকল পরিবর্তিত কাজের জন্য সেই দর নির্ধারিত হইবে। পরিবর্তিত, সংযোজিত অথবা বিকল্প কাজগুলি মূল কাজের যে অনুপাতে বৃদ্ধি হইবে কার্য সম্পাদনের সময় সেই অনুপাতে বৃদ্ধি করা যাইতে পারে। সময় বর্ধনের এই অনুপাত প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন দ্বারাই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। যদি এই সকল পরিববর্তিত, সংযোজিত অথবা বিকল্প কাজগুলির মধ্যে এমন কাজ থাকে যাহার দর এই চুক্তিতে অন্তর্ভুক্ত নাই সেইক্ষেত্রে দরপত্র গৃহীত হওয়ার সময় জেলার এলজিইডির সিডিউল দর অথবা গণপূর্ত বিভাগের দর অথবা সড়ক ও জনপথ বিভাগের দর যেটি দরপত্রের জন্য কার্যকরী ছিল উহার সহিত শতকরা হিসাবে দরপত্রের উল্লেখিত প্রাক্কলিত মূল্যের উপর প্রদত্ত দরের হার যোগ অথবা বিয়োগ করতঃ প্রদত্ত দরে কার্য সম্পাদন করিতে হইবে।

**প্রাক্কলন ও সিডিউল বহির্ভূত কাজের দর ঃ**

যদি উল্লেখিত সিডিউলের মধ্যে এই সকল পরিবর্তিত, পরিবর্ধিত এবং বিকল্প কাজের দর উল্লেখ না থাকে তবে এই সকল কার্য সম্পাদনের জন্য আদেশ প্রাপ্তির সাত দিনের মধ্যে ঠিকাদারকে তিনি যে দর চান তাহা প্রকৌশলীকে জানাইতে হইবে এবং প্রকৌশলী তাহার দরে সম্মত না হইলে লিখিত বিজ্ঞপ্তির মাধ্যমে এই সকল কার্য সম্পাদনের আদেশ বাতিল করিতে পারিবেন। প্রকৌশলী যে পদ্ধতি সঠিক বলিয়া মনে করিবেন সেইভাবে এই কাজগুলি সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করিবেন। সকল ক্ষেত্রে দর নির্ধারণের পূর্বে ঠিকাদার যদি কোন কাজ আরম্ভ বা টাকা খরচ করিয়া থাকেন তবে তাহার জন্য ঠিকাদারের পাওনা প্রকৌশলী কর্তৃক নির্ধারিত দরে পরিশোধযোগ্য হইবে এবং এ ব্যাপারে কোন জটিলতা দেখা দিলে পৌরসভার সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

**কাজের পরিবর্তন অথবা বাধাপ্রাপ্তির জন্য ঠিকাদার কোন ক্ষতিপূরণ পাইবে না ঃ**

দফা-১০ ঃ পূর্ববর্তী দফা ৯ অনুযায়ী দরপত্রে উল্লেখিত মূল কাজের দরে অথবা সড়ক ও জনপথ বিভাগ বা গণপূর্ত বিভাগ বা এলজিইডির সিডিউল দর অনুযায়ী ঠিকাদারকে কোন পরিবর্তন, পরিবর্ধন অথবা বিকল্প কাজ করিতে হইলে এবং সেইখানে বাড়তি মালামাল ব্যবহারের প্রয়োজন হইলে (পূর্ববর্তী দফার কোন কিছু স্ববিরোধী হইবে না, ঠিকাদার নির্দেশ পাওয়ার সাত দিনের মধ্যে প্রকৌশলী এর

নিকট অতিরিক্ত মালামালের প্রয়োজনীয় সংশোধিত দর দাবী করিতে পারিবেন যদি বর্ধিত কাজের মালামালের বাজার দর বৃদ্ধি পায় তবে প্রকৌশলী পৌরসভায় অনুমোদনক্রমে বর্ধিত কাজের দর সংশোধন করিতে পারিবেন।

কাজ আরম্ভের পর কোন সময়ে পৌরসভা যদি মনে করে যে, কোন কারণে দরপত্রের বর্ণিত সকল কাজ করার প্রয়োজন নাই তবে প্রকৌশলী পৌরসভার অনুমোদনক্রমে ঠিকাদারকে এই মর্মে লিখিতভাবে নিষেধ করিবেন সম্পূর্ণ কার্য সম্পাদন না করার জন্য পৌরসভার উক্ত রূপ আদেশের ফলে মূল কাজের স্পেসিফিকেশন, নক্সা, ডিজাইন এবং নির্দেশের কোন পরিবর্তন ঘটিলে যাহা মূল কাজের পরিমাণে যদি হ্রাস ঘটে তাহার জন্য ঠিকাদারের কোন পাওনা অথবা ক্ষতিপূরণের দাবী গ্রাহ্য হইবে না।

**খারাপ কাজের জন্য কার্যকরী ব্যবস্থা ও ক্ষতিপূরণ ঃ**

দফা-১১ ঃ যদি প্রকৌশলীর নিকট প্রতীয়মান হয় যে সম্পাদিত কোন কাজ নিম্নমানের ত্রুটিপূর্ণ অথবা অদক্ষ কারিগরী উপায়ে নির্মিত অথবা যেখানে নিম্নমানের মালামাল ব্যবহার করা হইয়াছে অথবা কার্য সম্পাদনের নির্মাণযোগ্য মালামাল হইতে নিম্নমানের মালামাল সরবরাহ করা হইয়াছে, অন্য কোনভাবে চুক্তির শর্ত মোতাবেক হয় নাই সেইক্ষেত্রে সংশ্লিষ্ট কাজের অথবা মালামালের বিবরণ সম্বলিত প্রকৌশলীর লিখিত নির্দেশে নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদার উক্ত কাজের সংশোধন অথবা অপসারণ এবং পুনঃনির্মাণ করিবেন এবং প্রয়োজন মত মালামাল অপসারণ এবং নিজ খরচে উপযুক্ত মালামাল সরবরাহ করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদার যদি বর্ণিত সংশোধন ইত্যাদি করিতে ব্যর্থ হন তবে সর্বোচ্চ দশ দিন প্রতিদিনের জন্য প্রাক্কলিত ব্যয়ের ১% টাকা হারে ক্ষতিপূরণ দিতে ঠিকাদার বাধ্য থাকিবে। যদি ঠিকাদার উক্ত সময়ের পরেও সংশোধন ইত্যাদি করিতে ব্যর্থতা দেখাইয়া থাকেন সেইক্ষেত্রে প্রকৌশলী সর্বোতভাবে ঠিকাদারের দায়িত্বে ও খরচে কাজটির ত্রুটি সংশোধন অথবা অপসারণ এবং পুনঃনির্মাণ অথবা বর্ণিত ত্রুটিপূর্ণ মালামাল অপসারণ এবং পুনঃসরবরাহ লইতে পারিবেন।

**কাজ পরিদর্শনের জন্য খোলা রাখা ঃ**

দফা-১২ ঃ চুক্তির শর্ত মোতাবেক বাস্তবায়নকালীন অথবা বাস্তবায়িত সকল কাজ সকল সময় পৌরসভায় চেয়ারম্যান, কমিশনার, প্রকৌশলী অথবা তাহার অধঃস্তন কর্মকর্তার পরিদর্শন এবং তত্ত্বাবধানের জন্য উন্মুক্ত থাকিবে যেক্ষেত্রে কার্যস্থলে দৈনিক কার্যকালীন সময়ে অথবা অন্যান্য সকল সময়ে প্রকৌশলী অথবা তাহার অধঃস্তন কর্মকর্তা পরিদর্শন করিবার যুক্তিযুক্ত নোটিশ দিয়া থাকেন সেইক্ষেত্রে ঠিকাদার

নিজে অথবা তাহার লিখিতভাবে দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি আদেশ-নির্দেশ অনুসারে কার্যস্থলে উপস্থিত থাকিবেন। ঠিকাদারের প্রতিনিধিকে দেওয়া নির্দেশ ঠিকাদারকে দেওয়া নির্দেশের সমগুরুত্ব বহন করিবে।

**কাজ আচ্ছাদিত হইবার পূর্বে নোটিশ প্রদান ঃ**

দফা-১৩ ঃ কোন কাজ আচ্ছাদনের পূর্বে কিংবা অন্য কোনভাবে পরিমাপ গ্রহণের সুযোগ বহির্ভূত করার পূর্বে ঠিকাদার প্রকৌশলী অথবা কাজের দায়িত্বপ্রাপ্ত তাহার অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীকে কমপক্ষে ৫ (পাঁচ) দিন সময়ের লিখিত নোটিশ প্রদান করিবেন যাহাতে কাজটির পরিমাপ গ্রহণ করা যায় ও এইরূপ আচ্ছাদিত অথবা পরিমাপের সুযোগ বহির্ভূত হইবার পূর্বেই নিখুঁত আকার লিপিবদ্ধ করা যায়। কাজটি আচ্ছাদনের অথবা পরিমাপ গ্রহণের সুযোগ বহির্ভূত হওয়ার পূর্বে ঠিকাদার লিখিত নোটিশ প্রদান না করিলে কিংবা প্রকৌশলী অথবা কাজের দায়িত্ব প্রাপ্ত তাহার অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীর সম্মতি না লইলে পরিমাপ গ্রহণের জন্য ঠিকাদারের নিজ খরচে উহা উন্মুক্ত করা হইবে। উন্মুক্ত করিতে না পারিলে ঐ কাজের কোন বিল অথবা কাজে ব্যবহৃত কোন মালামালের মূল্য পরিশোধ করা হইবে না।

**ক্ষয়ক্ষতি বা কাজে কোন ত্রুটি দেখা দিলে উহার ক্ষতিপূরণ ও সংশোধন ঃ**

দফা-১৪ ঃ ঠিকাদার কিংবা তাহার শ্রমিক অথবা কর্মচারীরা যেখানে কাজ করিতেছেন উক্ত স্থানের লাগোয়া কোন ভবন, রাস্তা, রাস্তার পাশ, বেষ্টনী, পানির পাইপ, বৈদ্যুতিক তার, নর্দমা, বিদ্যুৎ অথবা টেলিফোনের খুঁটি বা তার, গাছ, ঘাস অথবা ঘাসের জমি বা আবাদী জমি যদি কাজ চলাকালীন সময়ে কোনভাবে ক্ষতিগ্রস্ত হয় তবে উহার জন্য প্রকৌশলী কর্তৃক নির্ধারিত পরিমাণ ক্ষতিপূরণ পৌরসভাকে প্রদানে ঠিকাদার বাধ্য থাকিবেন।

পৌরসভা কর্তৃক কাজের চূড়ান্ত অথবা অন্য কোন প্রকার প্রত্যায়নপত্র দেওয়ার এক বৎসরের মধ্যে কাজের ত্রুটি পাওয়া গেলে ঠিকাদার প্রকৌশলী কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাহার নিজস্ব খরচে উহা সংশোধন করিবেন। ঠিকাদার ইহাতে ব্যর্থ হইলে প্রকৌশলী অন্য লোক দ্বারা উল্লেখিত ত্রুটিসমূহের সংশোধন করাইবেন এবং ঠিকাদারের পাওনা অথবা ভবিষ্যতে পাওনা হইবে এমন অর্থ অথবা জামানত বা মালামালের বিক্রয়লব্ধ অর্থ হইতে প্রকৌশলীর চূড়ান্ত সিদ্ধান্ত ও প্রত্যায়ন মোতাবেক খরচ অথবা ক্ষতিপূরণ আদায় করিবেন। কাজটি সম্পূর্ণভাবে সমাপ্ত হইবার এক বৎসর পূর্ণ হইবার পূর্বে ঠিকাদার জামানতের টাকা ফেরৎ পাইবেন না। কিন্তু যদি প্রকৌশলী মনে করেন যে, জামানতের অর্ধেক টাকা অত্র চুক্তির অধীন ঠিকাদারের সকল দায়-দায়িত্ব পূরণের জন্য যথেষ্ট এবং অবশিষ্ট ৬ মাসেও কাজের গুণগত মান অক্ষুণ্ণ থাকিবে তাহা হইলে প্রকৌশলী তদ্রূপ

প্রত্যায়নপত্র প্রদান করিলে কার্য সমাপ্তির ছয় মাস পর জামানতের অর্ধেক ফেরত দেওয়া যাইতে পারে এবং অবশিষ্ট অর্ধেক কার্য সমাপ্তির এক বৎসর পর ফেরতযোগ্য হইবে।

**চূড়ান্ত বিল গ্রহণের পূর্বে দাবী পেশ ঃ**

চূড়ান্ত বিল গ্রহণের পূর্বেই ঠিকাদার চূড়ান্ত বিলের সমুদয় আইটেম এবং গৃহীত পরিমাণ দেখিয়া লইবেন এবং কোন দাবী থাকিলে তাহা পেশ করিবেন। চূড়ান্ত বিল গৃহীত হওয়ার পূর্বে ঠিকাদার যদি কোন দাবী উত্থাপন না করেন তবে পরবর্তীতে ২২নং দফা মোতাবেক কোন দাবী বা কোন সালিসি গ্রহণযোগ্য হইবে না।

**ঠিকাদারকে যন্ত্রপাতি, মই, ভারা, মাচা প্রভৃতি সরবরাহ করিতে হইবে ঃ**

দফা-১৫ ঃ চুক্তির শর্ত অনুযায়ী ঠিকাদারকে তাহার নিজ খরচে সঠিকভাবে কার্য সম্পাদনের জন্য মালামাল, যন্ত্রপাতি, হাতিয়ার, সরঞ্জাম, মই, দড়ি, মাচা, কপিকল এবং অস্থায়ী কাজের প্রয়োজনীয় জিনিসপত্র ইত্যাদি সরবরাহ করিতে হইবে। যদি মুল অথবা পরিবর্তিত অথবা বিকল্প কাজসমূহ সম্পাদনের জন্য স্পেসিফিকেশনে অথবা চুক্তির অন্য কোন দলিলে এই সকল শর্তসমূহের উল্লেখ নাও থাকে তথাপি এই সকল শর্তসমূহের আওতায় কোন বিষয়ে প্রকৌশলীর নির্দেশসমূহ সরবরাহ ও অপসারণসহ সকল ক্ষেত্রেই প্রয়োজ্য হইবে। কাজের পত্তন করা, মালামাল গণনা এবং ওজন করা, পরীক্ষা অথবা পরিমাপে সহায়তা করার জন্য যে কোন সময়ে অথবা মাঝে মাঝে ঠিকাদার বিনা খরচে প্রয়োজনীয় সাজ-সরঞ্জামসহ লোক সরবরাহ করিবেন। ঠিকাদার উক্ত সরঞ্জামসহ লোক সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রকৌশলী ঠিকাদারের খরচে উহা সরবরাহ করিতে পারিবেন এবং এই খরচের টাকা চুক্তির অধীন যে কোন বিলের টাকা অথবা জামানতের টাকা হইতে অথবা ঠিকাদারের কোন মালামালের অংশবিশেষ বা সম্পূর্ণ বিক্রয়ের মাধ্যমে কাটিয়া লইতে পারিবেন।

**আলোর অপর্যাপ্ততা এবং বেড়া না দেওয়ার জন্য দুর্ঘটনা ঘটিলে ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে ঠিকাদারের দায়িত্ব ঃ**

দফা-১৬ ঃ ঠিকাদারকে তাহার নিজ খরচে জনসাধারণের দুর্ঘটনা এড়ানোর জন্য কর্মস্থলে প্রয়োজনীয় বেড়া এবং আলোর ব্যবস্থা করিতে হইবে। এই সকল সতর্কতা অবলোকনে অবহেলার জন্য কেহ আহত হইবার কারণে কোন ব্যক্তি কর্তৃক দায়েরকৃত সকল আইনগত ব্যবস্থার মামলার বিরুদ্ধে ঠিকাদার সকল খরচ বহন করিতে বাধ্য থাকিবেন। এই ধরণের মামলার ব্যবস্থা গ্রহণের অথবা সাবধানতা অবলম্বনে নির্দেশিত কোন ব্যক্তিকে ক্ষতিপূরণ ও খরচ প্রদানের এবং কোন ব্যক্তির সহিত বিষয়টির মিমাংসা করিতে হইলে সকল খরচ ঠিকাদার বহন করিতে বাধ্য থাকিবে।

দফা-১৭ ঃ শ্রমিকদের ক্ষতিপূরণ আইন ১৯২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সকল ক্ষেত্রে পৌরসভার কার্যে নিয়োজিত ঠিকাদারের শ্রমিককে ক্ষতিপূরণ দিতে পৌরসভা বাধ্য থাকিবে। পৌরসভা পরিশোধকৃত এই ক্ষতির টাকা ঠিকাদারের নিকট হইতে আদায় করিতে পারিবেন। উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (২) অনুযায়ী পৌরসভার অধিকার খর্ব না করিয়া পৌরসভা ঠিকাদারের জামানত হইতে এই চুক্তির অধীনে যে কোন পাওনা অর্থ হইতে অথবা অন্যভাবে সম্পূর্ণ অথবা আংশিক ক্ষতিপূরণ আদায় করিতে পারিবেন।

দফা-১৮ ঃ পৌরসভার বিবেচনায় স্থানীয় এলাকার জন্য যাহা উপযুক্ত তদাপেক্ষা কম পারিশ্রমিক ঠিকাদার তাহার কোন শ্রমিককে প্রদান করিতে পারিবেন না।

দফা-১৯ ঃ পৌরসভার নিকট যদি ইহা যথার্থভাবে প্রমাণিত হয় যে, কোন ঠিকাদার নিযুক্ত শ্রমিকদের উপযুক্ত পারিশ্রমিক প্রদান করেন নাই তাহা হইলে প্রকৌশলী শ্রমিকদের উপযুক্ত পারিশ্রমিক পরিশোধের জন্য নির্দেশ দিতে পারিবে। যে ঠিকাদার তাহার শ্রমিকদের উপযুক্ত পারিশ্রমিক দিতে ব্যর্থ হইবেন তাহার নাম অনুমোদিত ঠিকাদারের তালিকা হইতে বাদ দেওয়া হইবে।

**ফার্মের গঠনে কোন পরিবর্তন হইলে ঃ**

দফা-২০ঃ ফার্মের অংশীদারদের দ্বারা দরপত্র দাখিলের পর ফার্মের গঠনে কোন পরিবর্তন হইলে ঠিকাদারকে তৎক্ষণাৎ তাহা পৌরসভাকে অবগতির জন্য জানাইতে হইবে।

**পৌরসভার নির্দেশ মোতাবেক কার্য সম্পাদন করিতে হইবে ঃ**

দফা-২১ ঃ চুক্তির অধীন সম্পাদন যোগ্য সকল কাজ পৌরসভার পক্ষে উহার প্রকৌশলীর নির্দেশ এবং সর্বতোভাবে পৌরসভার অনুমোদন সাপেক্ষে সম্পাদন করিতে হইবে।

**বিরোধ মিমাংসা ঃ**

দফা-২২ ঃ যে সকল ক্ষেত্রে চুক্তিপত্রে অন্যভাবে উল্লেখ আছে তাহা ছাড়া পূর্বে উল্লেখিত কাজের স্পেসিফিকেশন, ডিজাইন, নক্সা, নির্দেশাবলী প্রভৃতির ব্যাখ্যার ক্ষেত্রে কোন বিরোধ দেখা দেয় এবং নির্মাণ কৌশল অথবা মালামালের মান সম্পর্কে কোন বিরোধ দেখা দেয় বা চুক্তি, ডিজাইন, নক্সা, স্পেসিফিকেশন, প্রাক্কলন, নির্দেশ, আদেশ অত্র শর্তসমূহ অথবা কার্য, কার্য সম্পাদন, সম্পাদনের ব্যর্থতা সম্পর্কিত শর্তাবলী হইতে উদ্ভূত ও সম্পর্কিত কোন প্রশ্ন, দাবী, অধিকার এবং বিষয়াদি, যাহাই হোক না কেন এতদসম্পর্কীয় বিরোধ দেখা দিলে যদি উহা কার্য চলাকালীন অথবা সমাপ্তির পরে অথবা পরিত্যক্ত হইবার পরেও হয় সেইক্ষেত্রে বিষয়টি নিস্পত্তির জন্য একটি সালিসি কমিটিতে পেশ করা হইবে। উক্ত সালিসি

কমিটিতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, আহ্বায়ক, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত, সদস্য এবং নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, সদস্য; সমন্বয়ে গঠিত হইবে এবং উক্ত কমিটি বর্তমানে প্রচলিত এবং কার্যকরী সালিসি আইন মোতাবেক যথার্থভাবে পরীক্ষা করতঃ রায় প্রদান করিবেন। এই রায় চুক্তি আবদ্ধ সকল পক্ষের জন্য চূড়ান্ত সিদ্ধান্তমূলক এবং বাধ্যতামূলক হইবে।

**স্পেসিফিকেশন না থাকিলে ঃ**

দফা-২৩ঃ কোন প্রকারের কাজের ক্ষেত্রে যদি বর্ণনা মত স্পেসেফিকেশন না থাকে *সেইক্ষেত্রে* এলজিইডির স্পেসিফিকেশন অনুযায়ী কার্য সম্পাদন করিতে হইবে। যদি জেলা এলজিইডির স্পেসিফিকেশনও না থাকে তবে গণপূর্ত বিভাগের সিডিউল এবং স্পেসিফিকেশন অনুযায়ী অথবা সড়ক ও জনপথ বিভাগের সিডিউল এবং স্পেসিফিকেশন অনুযায়ী অথবা প্রকৌশলীর নির্দেশনা মোতাবেক কার্য সম্পাদন করিতে হইবে।

**কাজের সংজ্ঞা ঃ**

দফা-২৪ঃ বিষয় এবং প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই সমস্ত শর্তের অধীনে কাজ অথবা কাজসমূহ বলিতে সম্পাদনের জন্য চুক্তিতে আবদ্ধ স্থায়ী অথবা অস্থায়ী মূল, পরিবর্তিত, বিকল্প অথবা অতিরিক্ত সকল কাজই বুঝাইবে।

দফা-২৫ঃ ঠিকাদার তাহার নিজ খরচে তাহার শ্রমিকদের জন্য নির্ধারিত স্থানে বাসস্থানের ব্যবস্থা করিবেন এবং স্থানীয় জনস্বাস্থ্য এবং স্বাস্থ্য কর্মকর্তাদের নিকট গ্রহণযোগ্যভাবে শ্রমিকদের বাসস্থানে পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা করিবেন। তিনি তাহার নিজ খরচে পানির বর্তমান উৎস হইতে পাইপ সংযোগ করতঃ শ্রমিকদের বাসস্থানে পানি সরবরাহের ব্যবস্থা করিবেন এবং উহার কারণে দেয় সকল পারিশ্রমিক, কর বা অন্যান্য আনুষংগিক খরচ তিনিই পরিশোধ করিবেন।

**অতিরিক্ত শর্তাবলী ঃ**

১। প্রকৌশলীর পরীক্ষা এবং অনুমোদন ব্যতীত কোন মালামাল কাজে ব্যবহার করা যাইবে না।

২। চুক্তি অন্য কাহারও নিকট অর্পণ (Sub-let) করা যাইবে না। যদি কোন ঠিকাদার এইরূপ চুক্তি অর্পণ (Sub-letting) করেন তবে তিনি চুক্তি ভঙ্গ করিয়াছেন বলিয়া বিবেচিত হইবেন এবং তাহার জামানতের টাকা পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হইয়া যাইবে এবং মালামাল সংগ্রহ করিবার নিমিত্তে কোন চুক্তিতে আবদ্ধ হইবার কারণে কোন ক্ষতি হইলে তাহার কোন ক্ষতিপূরণের দাবী গ্রাহ্য হইবে না।

৩। চুক্তির দফা ৫ অনুযায়ী যদি ঠিকাদার সময় বর্ধিত করিতে চাহেন তবে তাহাকে সময় বর্ধন বিবেচনার জন্য পর্যাপ্ত সময় দিয়া প্রকৌশলীর নিকট আবেদন করিতে হইবে নতুবা এরূপ সময় বর্ধনের আবেদন বিবেচনার যোগ্য হইবে না সেইক্ষেত্রে ঠিকাদারকে এইরূপ অবহেলায় উদ্ভূত ফলাফলের জন্য দায়ী করা হইবে।

৪। ঠিকাদারকে প্রয়োজন অনুযায়ী দেওয়ালে এবং মেঝেতে পাইপ অথবা তার বসাইবার জন্য নালা রাখিতে হইবে। এইজন্য তিনি কোন অতিরিক্ত অর্থ প্রাপ্তির যোগ্য হইবেন না।

৫। কাজ চলাকালীন ঠিকাদারকে একথা অবশ্যই মনে রাখিতে হইবে যে, ভাংগা এবং খননকৃত সকল মালামাল (প্রয়োজনীয় এবং অপ্রয়োজনীয়) পৌরসভার সম্পত্তি। ইহা পৌরসভার বৃহত্তর সুবিধার জন্য কাজে ব্যবহার অথবা বিক্রয় করা হইবে।

৬। কাজ চলাকালীন সময়ে বৃষ্টি বা যানবাহন চলাচলের ফলে কোন ক্ষতি হইলে ঠিকাদারকে কোন ক্ষতিপূরণ দেওয়া হইবে না।

৭। মালামালের মূল্য এবং কার্যস্থলে এইগুলির পরিবহন খরচসহ ঠিকাদারকে দর প্রদান করিতে হইবে।

৮। প্রতি ১০০ একক (বর্গ মিঃ/ঘঃমিঃ/মিঃ) কাজের জন্য ঠিকাদার কি মানের মালামাল ব্যবহার করিবেন এবং কি পদ্ধতিতে তাহা সম্পন্ন করিবেন তাহার সম্পূর্ণ স্পেসিফিকেশন তাহাকে প্রদান করিতে হইবে।

৯। জরুরী অবস্থায় ঠিকাদারকে প্রতিদিন তাহার শ্রমিকদের পাওনা পরিশোধ করিতে হইবে।

## জনসাধারণের অসুবিধাসমূহ

১০। ঠিকাদার কার্যস্থলে মালামাল এমনভাবে জমা করিতে পারিবেন না যাহাতে জনসাধারণের অসুবিধার সৃষ্টি হয়। প্রকৌশলীর নিকট যদি জনসাধারণের জন্য বিপদজনক অথবা অসুবিধাজনক মনে হয় তবে তাহার নির্দেশে ঠিকাদারকে সেইরূপ মালামাল অপসারণ করিতে হইবে অথবা ঠিকাদারের খরচে তিনি অপসারণ করাইতে পারিবেন।

১১। পৌরসভার প্রকৌশলী-এর নিকট গ্রহণযোগ্য হইবে এমনভাবে ঠিকাদারকে কার্যস্থল পরিষ্কার এবং রাবিশ মুক্ত করিতে হইবে। সকল উদ্বৃত্ত মালামাল, রাবিশ ইত্যাদি প্রকৌশলীর নির্দেশে ঠিকাদার কর্তৃক নির্দিষ্ট স্থানে অপসারণ করিতে হইবে এবং ইহার জন্য কোন অতিরিক্ত পাওনা পরিশোধ করা হইবে না।

১২। মেরামত কাজ চলাকালীন সময়ে অথবা কাজ সমাপ্তির পর কার্যস্থলে কোন রাবিশ অথবা আবর্জনা ঠিকাদারকে রাখিতে দেওয়া হইবে না। কাজ চলাকালীন সময়ে এইগুলি অপসারণ করতঃ কার্যস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিতে হইবে। এই নির্দেশ পালনে ঠিকাদার অবহেলা প্রদর্শন করিলে প্রকৌশলী কার্যস্থল আবর্জনা মুক্ত করাইতে পারিবেন এবং ঠিকাদারের বিল হইতে এই খরচ আদায় করিতে পারিবেন।

১৩। কার্যস্থলে সরবরাহকৃত মালামাল উদ্দেশ্যবিহীনভাবে স্তূপ করা যাইবে না। ঠিকাদারকে প্রকৌশলীর এই নির্দেশ মত মালামাল সাজাইয়া রাখিতে হইবে।

ফরম 'গ'

.......................................... পৌরসভা

জেলা ..........................................

## মালামাল সরবরাহের দরপত্র

এতদ্বারা নিম্নস্বাক্ষরকারী/নিম্নস্বাক্ষকারীগণ সংযুক্ত শর্তসমূহে নিম্নবর্ণিত স্পেসিফিকেশনে উল্লেখিত মালামাল সরবরাহের দরপত্র প্রদান করিলাম।

| ক্রমিক নং। | সরবরাহের জন্য বর্ণিত মালামালের বিবরণ অথবা স্পেসিফিকেশন। | সরবরাহের স্থানসমূহ | প্রত্যেক স্থানে সরবরাহের পরিমাণ। | প্রত্যেক স্থানে মালামাল সরবরাহের চূড়ান্ত তারিখসমূহ। | প্রত্যেক মালের মোট পরিমাণ। | মালামালের একক। | মালামালের দর (সকল দায়সহ)। | প্রত্যেক মালের মোট মূল্য (সকল দায়সহ)। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

দরপত্র গৃহীত হইলে ঃ

(ক) এতদসংগে আমি/আমরা চুক্তির সংযুক্ত শর্তসমূহ এবং স্পেসিফিকেশনের সমুদয় শর্তসমূহ পূরণ করিতে এবং মানিয়া চলিতে বাধ্য থাকিব। অন্যথায় চুক্তি অনুযায়ী সকল অর্থ এবং অন্যান্য জরিমানা যথাক্রমে.......................... পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হইবে অথবা পরিশোধ করিতে বাধ্য থাকিব।

(খ) যদি চুক্তির শর্তের ১নং ধারা অনুযায়ী জামানতের ..................................টাকা জমা না করা হয় তবে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার মূলে এতদসংগে প্রদানকৃত টাকা.......................................... পৌরসভা অনুকূলে বাজেয়াপ্ত হইয়া যাইবে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষীর স্বাক্ষর | ঃ | ঠিকাদারের স্বাক্ষর | ঃ |
| স্বাক্ষীর নাম | ঃ | ঠিকাদারের নাম | ঃ |
| ঠিকানা | ঃ | ঠিকানা | ঃ |
| তারিখ | ঃ | তারিখ | ঃ |

## চুক্তির শর্তসমূহ

১। যাহার দরপত্র গৃহীত হইয়াছে তাহাকে........................দিনের (অনূর্ধ ১০ দিন) মধ্যে সুচারুরূপে চুক্তি বাস্তবায়নের নিমিত্তে চুক্তির অধীন সরবরাহযোগ্য সকল মালামালের প্রাক্কলিত মূল্যের বায়নার (earnest money) টাকাসহ শতকরা দশ ভাগ জামানতের..................টাকা নগদে পৌরসভায় জমা করিতে হইবে। এই চুক্তির শর্তাধীন যে সমস্ত ক্ষতি ঠিকাদারের দ্বারা পূরণযোগ্য তাহা চেয়ারম্যানের অনুমতিক্রমে প্রকৌশলী জামানতের টাকা অথবা কোন মালামালের (সম্পূর্ণ অথবা আংশিক) বিক্রয়লব্ধ টাকা অথবা পৌরসভা কর্তৃক পরিশোধ যোগ্য ঠিকাদারের অন্য যে কোন পাওনা হইতে আদায় অথবা পরিশোধ করা হইবে।

২। দরপত্রে উল্লেখিত তারিখে অথবা তাহার পূর্বে ঠিকাদারকে মালামাল সরবরাহ সম্পন্ন করিতে হইবে, অন্যথায় অতিরিক্ত অনূর্ধ দশ দিন প্রতিদিনের জন্য চুক্তির মোট মূল্যের শতকরা এক ভাগ হিসাবে কাজের ক্ষতিপূরণ ঠিকাদারের উপর পরিশোধযোগ্য হইবে।

৩। সকল ক্ষেত্রে যেখানে দফা ২এ উল্লিখিত দায় পর পর দশ দিনের জন্য পরিশোধযোগ্য হইবে সেইক্ষেত্রে পৌরসভার বৃহত্তর স্বার্থের বিবেচনায় পৌরসভা চুক্তি একেবারেই বাতিল করিয়া দিতে পারিবে অথবা পুনরায় কোন বিজ্ঞপ্তি ব্যতিরেকে ঠিকাদারের দায়িত্বে এবং খরচে অন্য কোন ভাবে সরবরাহ সম্পন্ন করিতে পারিবে। ইহার ফলে ঠিকাদারের কোন ক্ষতি হইলে কোন ক্ষতিপূরণের দাবী গ্রাহ্য হইবে না।

৪। যদি ঠিকাদারের মালামাল সরবরাহ করিতে বাধাপ্রাপ্ত হওয়ার কারণে দরপত্রে উল্লেখিত নির্ধারিত সময় বৃদ্ধির প্রয়োজন হয় তবে তাহাকে প্রকৌশলী এর নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে। যুক্তিসঙ্গত কারণ থাকিলে পৌরসভার প্রকৌশলীর প্রত্যায়ন মোতাবেক (চূড়ান্ত সিদ্ধান্ত) এইরূপ কোন কারণে সময় বৃদ্ধি প্রয়োজন এবং গ্রহণের জন্য চেয়ারম্যান, পৌরসভা বরাবরে পেশ করিবেন। এইরূপ কোন লিখিত অনুমতি ব্যতীত ঠিকাদার দফা ২ এ উল্লিখিত জরিমানা মওকুফ দাবী করিতে পারিবেন না।

৫। ঠিকাদার কোন মালামাল সরবরাহ করিতে চাহিলে তিনি প্রকৌশলীকে তাহা অবহিত করিবেন এবং যে সমস্ত মালামাল প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হইবে তাহার জন্য পৌরসভার প্রকৌশলী কর্তৃক একখানা প্রাপ্তি রশিদ দেওয়া হইবে এবং এইরূপ অনুমোদন ব্যতিরেকে কোন মালামাল সরবরাহ হইয়াছে বলিয়া গ্রহণ করা হইবে না।

৬। মালামাল সরবরাহ সমাপ্ত হইলে ঠিকাদারকে সেই মর্মে একখানা প্রত্যায়নপত্র দেওয়া হইবে। কিন্তু যতক্ষণ পর্যন্ত ঠিকাদার বাতিল মালামালসমূহ অপসারণ না করিবেন এবং অনুমোদিত মালামালসমূহ তাহাকে দেয় নির্দেশ মোতাবেক সাজাইয়া না রাখিবেন ততক্ষণ পর্যন্ত সরবরাহ সমাপ্ত হইয়াছে বলিয়া গণ্য করা হইবে না।

৭। মালামালসমূহ সর্বোচ্চ মানের এবং একান্তভাবে স্পেসিফিকেশন অনুযায়ী হইতে হইবে। একমাত্র প্রকৌশলী কর্তৃক অনুমোদিত এবং গৃহীত মালামালের জন্যই পাওনা পরিশোধ করা হইবে।

৮। যে ক্ষেত্রে প্রকৌশলীর বিবেচনায় সরবরাহকৃত মালামাল স্পেসিফিকেশন অনুযায়ী নিম্নমানের সেইক্ষেত্রে ঠিকাদার নির্দেশ পাওয়ার পর পরই উক্ত মালামাল নিজ দায়িত্বে এবং খরচে অপসারণ করিবেন। প্রকৌশলী কর্তৃক ইহার জন্য প্রদত্ত সময়ের মধ্যে ঠিকাদার অপসারণ কার্যে অবহেলা করিলে প্রকৌশলী ঠিকাদারের দায়িত্বে এবং খরচে বা অন্য কোন ভাবে বাতিলকৃত মালামাল অপসারণ করাইয়া লইতে পারিবেন। এইরূপ খরচ ঠিকাদারের বর্তমান অথবা ভবিষ্যত প্রাপ্য হইতে কর্তন করা হইবে।

৯। যদি ঠিকাদার অথবা তাহার শ্রমিক/কর্মচারীরা কোন বাড়ী, রাস্তা, বেড়া, বেষ্টনী, ঘাসের জমি অথবা আবাদি জমি ভাংগে অথবা নষ্ট করে তবে তাহাকে নিজের খরচে উহা মেরামত করিতে অথবা ক্ষতিপূরণ দিতে হইবে। ঠিকাদার এইরূপ করিতে অস্বীকার করিলে বা ব্যর্থ হইলে ঠিকাদারের খরচে প্রকৌশলী উক্ত মেরামত করাইয়া লইবেন। এইরূপ খরচ ঠিকাদারের বর্তমান অথবা ভবিষ্যত প্রাপ্য হইতে কর্তন করা হইবে।

১০। সুচারুভাবে চুক্তি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল হাতিয়ার, যন্ত্রপাতি, ঠিকাদার তাহার নিজ খরচে সরবরাহ করিবেন। যদি সরবরাহকৃত মালামাল প্রকৌশলী ব্যবহারের জন্য অপসারণ না করেন তবে সরবরাহের সর্বশেষ দিন পর্যন্ত সকল মালামাল ঠিকাদারের দায়িত্বে থাকিবে।

১১। ঠিকাদার এই চুক্তি চেয়ারম্যানের লিখিত অনুমতি ব্যতীত কাহাকেও অর্পণ (Sub-let) করিতে পারিবেন না। যদি এইরূপ অনুমতি ব্যতিরেকে ঠিকাদার কাহাকেও চুক্তি অর্পণ (Sub-letting) করেন তবে তিনি চুক্তিভংগ করিয়াছেন বলিয়া বিবেচিত হইবেন এবং তাহার জামানতের টাকা পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হইয়া যাইবে এবং মালামাল সংগ্রহ করিবার নিমিত্তে কোন চুক্তিতে আবদ্ধ হওয়ার কারণে কোন ক্ষতি হইলে তাহার কোন ক্ষতিপূরণের দাবী গ্রাহ্য হইবে না।

১২। স্পেসিফিকেশনের ব্যাখ্যা সম্বন্ধে কোন প্রশ্ন দেখা দিলে পৌরসভার সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত এবং বাধ্যতামূলক বলিয়া বিবেচিত হইবে।

## ঠিকাদারের জন্য প্রযোজ্য সাধারণ নিয়ম-কানুন ও নির্দেশাবলী

১। কোন ঠিকাদারী সংস্থা (ফার্ম) কর্তৃক দরপত্র দাখিল করেন তাহা হইলে উক্ত দরপত্রে প্রত্যেক সদস্যকে সহি করিতে হইবে। কোন অংশীদার অনুপস্থিত থাকিলে তাহার দ্বারা আম মোক্তারনামা বলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে তাহার পক্ষে সহি করিতে হইবে।

২। কোন সুপরিচিত এবং প্রসিদ্ধ সংস্থা অথবা দরপত্রে/চুক্তিতে ঠিকাদার হিসাবে বর্ণিত কোন সংস্থা ব্যতীত সকল ক্ষেত্রে সংস্থার সকল অংশীদারকে সহি করতঃ পরিশোধকৃত অর্থ গ্রহণ করিতে হইবে।

৩। প্রাপ্ত সকল দরপত্র প্রকৌশলী কর্তৃক উপস্থিত থাকিতে আগ্রহী এমন সকল দরপত্রদাতা অথবা তাহাদের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিদের সম্মুখে খোলা হইবে।

৪। পৌরসভা কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

## অতিরিক্ত শর্তাবলী

১। ঠিকাদার কাজটি যথাযথভাবে চুক্তির শর্তসমূহ এবং স্পেসিফিকেশন মানিয়া এবং প্রকৌশলী কর্তৃক সরবরাহকৃত নক্সা ও ডিজাইন অনুসরণ করিয়া প্রকৌশলীর নির্দেশ মোতাবেক সুষ্ঠুভাবে বাস্তবায়ন করিবেন। কাজের মান এবং কাজটি সুচারুভাবে সমাপ্তকরণের জন্য ঠিকাদার সর্বতোভাবে দায়ী থাকিবেন।

২। দরপত্র দাখিলের পূর্বে ঠিকাদারকে অবশ্যই কাজের স্থান ও অবস্থান, মালামাল পরিবহণের যানবাহন এবং নক্সা ও ডিজাইন যাচাই করিতে হইবে। দরপত্র দাখিলে পর ইহার জন্য কোন দাবী বা অজুহাত গ্রাহ্য হইবে না।

৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দরের মধ্যে কাজের দফার (আইটেম) প্রয়োজনীয় সকল মালমাল এবং আনুষঙ্গিক সকল কার্যাদির খরচপত্র অন্তর্ভুক্ত থাকিতে হইবে। কাজের পত্তন করা, ভাঙ্গা, কার্যস্থল পরিষ্কার করা, মাচা তৈরী করা, স্থানীয় অথবা অন্যান্য কর পরিশোধ করা, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক অথবা সকল পরিবহন খরচাদি উদ্ধৃত দরের মধ্যে অন্তর্ভুক্ত আছে বলিয়া বিবেচিত হইবে।

৪। কাজ চলাকালীন, কাজের পরিমাণ সিডিউলে উল্লেখিত পরিমাণ অপেক্ষা কম/বেশী হইতে পারে। ইহার জন্য কোন প্রকারের অতিরিক্ত দাবী পৌরসভা গ্রহণ করিবেন না। প্রকৃত কাজ চলাকালীন যদি সিডিউল বর্ণিত কাজের কোন দফা (আইটেম) সম্পাদন করা না হয় তবে সেই জন্য কোন অতিরিক্ত দাবী গ্রাহ্য হইবে না।

৫। কোন কারণে যদি পৌরসভা কর্তৃক চুক্তিবদ্ধ কোন কাজ বাস্তবায়ন না করা হয় তবে ঠিকাদারের কোন দাবী গ্রহণযোগ্য হইবে না। এমন কি ঠিকাদার সরবরাহযোগ্য মালামালের অথবা শ্রমিকের জন্য যদি কোন অগ্রিম প্রদান করিয়া থাকেন তবে সেইক্ষেত্রেও কোন দাবী গ্রহণযোগ্য হইবে না।

৬। কাজের জন্য প্রয়োজনীয় সকল মালামাল ঠিকাদার নিজ খরচে কার্যস্থলে সংগ্রহ করিবেন এবং কাজে ব্যবহারে পূর্বে প্রকৌশলীর অনুমোদন গ্রহণ করিবেন।

৭। সমাপ্ত হওয়া পর্যন্ত কার্য সম্পাদনকালীন সময়ে শ্রমিক এবং মালামালের বাজার দরের উর্ধগতির কারণে সিডিউল বর্ণিত কোন কাজের দফার (আইটেম) দর বৃদ্ধির কোন দাবী গ্রহণযোগ্য হইবে না।

৮। সকল প্রকার নির্দেশাবলী এবং অনুমোদন পৌরসভার প্রকৌশলী কর্তৃক লিখিতভাবে প্রদান করিতে হইবে। যে কোন প্রকার এবং যাহার দ্বারাই হউক না কেন, কোন প্রকার মৌখিক নির্দেশাবলী অথবা অনুমোদন কার্যকর হইবে না।

৯। দরপত্রের মাধ্যমে সম্পাদিত সরবরাহ কাজ চূড়ান্ত সমাপ্তির প্রত্যায়নপত্র জারীর ৬(ছয়) মাসের মধ্যে ঠিকাদারের জামানতের টাকা ফেরত দেওয়া হইবে না।

১০। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্তি করিতে প্রয়োজনে ঠিকাদারকে দিবা-রাত্র কাজ করিতে হইবে। দিবা-রাত্র অথবা অতিরিক্ত সময় কাজ করার জন্য ঠিকাদারের কোন অতিরিক্ত দাবী গ্রহণযোগ্য হইবে না।

১১। ঠিকাদারকে নিজ খরচে কাজের জন্য এবং তাহার শ্রমিকের জন্য প্রয়োজনীয় পানি সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।

১২। ঠিকাদার কর্তৃক সংগৃহীত দেশে তৈরী অথবা বিদেশী যে কোন ইস্পাত দ্রব্যের ওজন সংশ্লিষ্ট কাজের দফার বিপরীতে ওজনের নির্ধারিত মান অনুযায়ী হিসাব করা হইবে এবং আকার বা ওজনের তারতম্যের জন্য কোন অতিরিক্ত দাবী গ্রহণযোগ্য হইবে না।

সদস্য-সচিব
দরপত্র কমিটি
..............................পৌরসভা

ঠিকাদারের স্বাক্ষর ও তারিখ

সাক্ষীর স্বাক্ষর

নাম

ঠিকানা

রাষ্ট্রপতির আদেশক্রমে

অমিয়াংশু সেন
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।